তারিখ 24 APR 2016
পৃষ্ঠা 2 কলাম ৪

সংবাদ

# জবির সেই শিক্ষকের বিরুদ্ধে আবারও ছাত্রীকে মানসিক হয়রানির অভিযোগ

প্রতিনিধি, জবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ছাত্রীকে অনৈতিক প্রস্তাব দেয়ার অভিযোগে সাময়িক অব্যাহতিপ্রাপ্ত গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক মীর মোশারেফ হোসেনের (রাজীব মীর) বিরুদ্ধে আবারও এক ছাত্রীকে মানসিক হয়রানির অভিযোগ উঠেছে। অভিযোগটি তদন্ত করছে হাইকোর্ট কর্তৃক গঠিত বিশ্ববিদ্যালয়ের যৌন নিপীড়ন ও মানসিক নির্যাতনবিরোধী সেল। সেলের প্রধান ড. হেলেনা ফেরদৌসী গতকাল এ তথ্য নিশ্চিত করেন।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে রাজিব মীরের বিরুদ্ধে নৈতিক স্খলন, অনৈতিক প্রস্তাব, শিক্ষকদের রোষানলের শিকার হওয়ার হুমকি প্রদানসহ নানা অভিযোগ আনে শিক্ষার্থীরা। বিষয়টি তদন্ত করতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মো. সেলিম ভূঁইয়াকে প্রধান করে চার সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি প্রাথমিক তথ্যের ওপর ভিত্তি করে গত ১১ এপ্রিল রাজীব মীরসহ তিন শিক্ষককে বিভাগের স্নাতকোত্তর পর্যায়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম থেকে সাময়িক অব্যাহতি দেয়।

এরপর আবারও গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রী বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে রাজিব মীরের বিরুদ্ধে লিখিত অভিযোগ করেছেন। অভিযোগে তিনি বলেছেন, তাকে মোবাইলে খুদে বার্তার মাধ্যমে মানসিকভাবে হয়রানি করেন রাজীব মীর। তবে এ অভিযোগের বিষয়ে জানেন না বলে জানিয়েছেন রাজীব মীর। তিনি বলেন, আমাকে অফিসিয়ালি কিছুই জানানো হয়নি।